

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
জেলা তথ্য অফিস, খুলনা

www.infokhulna.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫৬.৪৭০০.০০০.০৭৩.১৬.০০০২.২৫.৪

তারিখ: ১৩ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: জানুয়ারি-২০২৬ মাসের দ্বিতীয় পক্ষের জনমত প্রতিবেদন প্রেরণ।

বিদ্যুৎ পরিস্থিতি: খুলনা মহানগরী ও জেলার বিভিন্ন এলাকায় সাম্প্রতিক সময়ে বিদ্যুৎ পরিস্থিতির উল্লেখযোগ্য উন্নতি লক্ষ্য করা যাচ্ছে। সরকারের সময়োপযোগী উদ্যোগ ও সংশ্লিষ্ট দপ্তরগুলোর সমন্বিত প্রচেষ্টার ফলে বিদ্যুৎ সরবরাহ এখন অনেকটা স্থিতিশীল ও নিরবচ্ছিন্ন যা সাধারণ জনগনের মধ্যে স্বস্তি ফিরিয়ে এনেছে।

স্থানীয় বিষয়: খুলনা জেলার নয়টি উপজেলা ও মহানগর এলাকায় নির্বাচনসংক্রান্ত যাবতীয় প্রশাসনিক প্রস্তুতি প্রায় সম্পন্ন হয়েছে। ভোটকেন্দ্র চিহ্নিতকরণ, প্রিসাইডিং ও পোলিং অফিসার নিয়োগ, ব্যালট পেপার ও নির্বাচনী সামগ্রী সংরক্ষণসহ সব কার্যক্রম নির্ধারিত সময়সূচি অনুযায়ী এগিয়ে চলেছে। এদিকে নির্বাচন উপলক্ষ্যে খুলনার রাজনৈতিক অঙ্গনে নির্বাচনী কার্যক্রম বাড়লেও এখন পর্যন্ত বড় ধরনের অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। প্রশাসনের পক্ষ থেকে নির্বাচনী আচরণবিধি কঠোরভাবে বাস্তবায়নের কথা জানানো হয়েছে এবং আচরণবিধি লঙ্ঘনের বিরুদ্ধে তাৎক্ষণিক আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে। এদিকে গণভোট সম্পর্কে সাধারণ জনগণকে উদ্বুদ্ধ করণের উদ্দেশ্যে খুলনা জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে খুলনা বিভাগীয় জেলা তথ্য অফিস রিক্রাযোগে সড়ক প্রচার, চলচ্চিত্র প্রদর্শনী, উঠান বৈঠক, টেন মিনিটস রিফ ও ভোট আলাপ তৃনমূল পর্যায়ে জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি করছে বলে জনমত পাওয়া যায়।

পরিবেশ: বর্তমানে খুলনা সিটি কর্পোরেশন এলাকায় ডেঙ্গুর প্রকোপ বেশ নিয়ন্ত্রণে। খুলনা সিটি কর্পোরেশন এ অবস্থা স্থিতিশীল রাখতে বিভিন্ন এলাকাতে ফগিং অভিযান চলমান রেখেছে। এছাড়া খুলনা সিটি কর্পোরেশন তার পরিষ্কার-পরিচ্ছন্নতা অভিযান অব্যাহত রেখেছে।

আইন শৃঙ্খলা: আসন্ন গণভোট ও ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে খুলনা জেলায় সার্বিক প্রস্তুতি জোরদার করা হয়েছে। নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠিত হয়- সে লক্ষ্যে জেলা প্রশাসন, নির্বাচন কমিশন, পুলিশ প্রশাসন ও আইনশৃঙ্খলা বাহিনী সমন্বিতভাবে কাজ করে যাচ্ছে। আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে খুলনা মহানগর ও জেলা পুলিশ সর্বোচ্চ সতর্ক অবস্থানে রয়েছে। গুরুত্বপূর্ণ স্থাপনা, ভোটকেন্দ্র ও সংবেদনশীল এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েনের পরিকল্পনা নেওয়া হয়েছে।

দ্রব্যমূল্য: খুলনা সিটি কর্পোরেশন এলাকার স্থানীয় বাজারগুলো বিশেষ করে ময়লাপোতা সাক্ষ্য বাজার, গল্লামারী বাজার, সোনাডাঙ্গা কাঁচা বাজার, জোড়াকল বাজার ঘুরে দেখা যায় চাল, ডাল, তেল, সবজি ও মাছের দাম তুলনামূলকভাবে সহনীয় পর্যায়ে রয়েছে। মৌসুমী সবজির সরবরাহ বৃদ্ধি পাওয়ায় বাজারে সবজির দাম কমেছে, যা নিম্ন ও মধ্যবিত্ত পরিবারের জন্য স্বস্তির কারণ হয়ে দাঁড়িয়েছে। এছাড়া জেলা প্রশাসনের নিয়মিত বাজার তদারকি ও ভ্রাম্যমাণ আদালতের কার্যক্রমের কারণে অসাধু ব্যবসায়ীদের দৌরাত্ম্য কমেছে।

নৈতিক অবক্ষয়: নৈতিক অবক্ষয় রোধকল্পে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসের প্রচার ও প্রচারনা অব্যাহত রয়েছে। আইন শৃঙ্খলা বাহিনী সচেষ্ট রয়েছে।

অপপ্রচার: অপপ্রচাররোধে বিশেষকরে গুজব প্রতিরোধে জেলা পুলিশের বিশেষ কার্যক্রম চলমান। কেউ যাতে অপপ্রচার চালাতে না পারে সেইজন্য সার্বক্ষণিক মনিটরিং ব্যবস্থা ও সাইবার নিরাপত্তা কার্যক্রম খুলনায় চলমান আছে। “হেল্প লাইন” দেওয়া নাম্বরে কল করার জন্য বলা আছে।



২৭-০১-২০২৬
গাজী জাকির হোসেন
পরিচালক
ফোন : ০২৪৭৭৭২১৮৪২
ফ্যাক্স : ০২৪৭৭৭২১৮৪২
ইমেইল : ddinfoklna@gmail.com

মহাপরিচালক (চলতি দায়িত্ব)
মহাপরিচালক-এর দপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর।

